তারিখ ... 16 NOV 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫ ...

দৈনিক ইত্তেফাক

# কারমাইকেল কলেজের প্রয়োজনীয় দলিল-দস্তাবেজ চুরি

গত ২৩শে অক্টোবর গভীর রাতে রংপুর জেলা শহরের কারমাইকেল কলেজের একাউন্ট সেকশনের দরজা ও আলমারীর তালা ভাঙ্গিয়া বেশ কিছ দলিল দস্তাবেজ ও নথিপত্রের ফাইল চুরি করা হইয়াছে। দুইজন নৈশ প্রহরীর উপস্থিতিসহ মাত্র কয়েক গজ দূরেই পুলিশ ফাঁড়ি থাকা সত্ত্বেও এই দুঃসাহসিক চুরি সংঘটিত হয়। কিছ দিন পূর্বে বগুড়া ট্রেজারীতে সংঘটিত চুরির ঘটনা আলোচিত হইলেও অত্র কলেজের চুরির খবর স্থানীয় দৈনিকের ভিতরের পাতার বাহিরে কোথাও যায় নাই। অথচ বগুড়ায় শুধু স্ট্যাম্প ও টাকা চুরি হইলেও কারমাইকেল কলেজে চোরেরা টাকা ছাড়িয়া কাগজপত্রের ফাইল লইয়া গিয়াছে। সঙ্গত কারণেই এই চুরির বিষয়টি নিয়া ভাবা দরকার। অত্র কলেজের সুনাম সর্বজনবিদিত। প্রায় ৮ শত বিঘা জমির উপর প্রতিষ্ঠিত এই কলেজ, যাহার প্রায় ৮৫ শতাংশ উর্বর আবাদী জমি-আর এই ভূ-সম্পত্তিই কলেজের আয়ের প্রধান উৎস। কিন্তু দীর্ঘকাল হইতে এই খাতে কাঙ্ক্ষিত আয় তো দূরের কথা বরং দখলদারিত পরিকল্পিতভাবে হাতছাড়া করা হইতেছে। কলেজের এইখাতে গঠিত কমিটি প্রতি বৎসর পরিবর্তন করিবার বিধান থাকিলেও স্বাধীনতার পর হইতে একটি মহল এককভাবে ইহাতে জাঁকাইয়া বসিয়াছে। এবং তাহারা সুকৌশলে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টিকে ফাঁকি দিয়া দুর্নীতির রাজত্ব কায়েম করিয়াছে। কিছুদিন আগে একটি জাতীয় দৈনিকে এতদসংক্রান্ত দুর্নীতি সম্বন্ধে একটি বিশেষ রিপোর্ট প্রকাশিত হইবার পর তাহার পরিপ্রেক্ষিতে একজন কলেজ পরিদর্শক গত ৪ঠা আক্টোবর সরেজমিনে তদন্তের নিমিত্তে অত্র কলেজে আসিয়াছিলেন। এবং সে তদন্ত হইতেই থলের বিড়াল বাহির হইয়া আসে। স্থানীয় পত্রিকায় প্রকাশিত তথ্য হইতে জানা যায়, মাত্র ১৮০ টাকায় প্রতি একর জমির বাৎসরিক লীজ দেখাইবার পরেও কৃষি কমিটির কর্মকর্তারা অন্ততঃ ৩৬ লক্ষ টাকার হিসাব মিলাইতে পারেন নাই। এই অবস্থায় অত্র কলেজের সচেতন ছাত্র-ছাত্রীগণ এই দুর্নীতির সঠিক তদন্ত দাবী করিলে এবং কলেজ পরিদর্শন তদন্ত সাপেক্ষ অভিযুক্তদের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে গত ২৩শে অক্টোবর চুরি হয় কৃষিখাতের সকল প্রকার হিসাব ও নথিপত্রের ফাইল। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ থানায় একটি জিডি করিয়াই দায় সারিয়াছেন। এমতাবস্থায়, প্রয়োজনীয় ফাইল চুরির ব্যাপারে যথাযথ তদন্ত করিয়া কৃষি কমিটির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

এইচ,এম, রাশেদ,
কারমাইকেল কলেজ,
রংপুর